**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এর কার্যালয়**
**টাঙ্গাইল।**
**tangail.judiciary.org.bd**

**বিষয় ঃ** *বিচারের জন্য বদলীকৃত মামলার ডকেট প্রেরণ সংক্রান্ত নির্দেশাবলী।*

ইদানিং নিম্নস্বাক্ষরকারী কর্তৃক বিভিন্ন মামলার শুনানী এবং ফৌজদারী মোকদ্দমার বিচার দ্রুত শেষ করার বিষয়ে পাবলিক প্রসিকিউটরের সাথে মতবিনিময়কালে উহা গোচরীভূত হয়েছে যে, অত্র ম্যাজিস্ট্রেসির আওতাধীন জি.আর মামলা বিচার ও নিষ্পত্তির জন্য প্রস্তুত হলে বিচারের নিমিত্ত প্রেরিত মামলায় বিচারিক নথির (Judicial Record) সাথে মামলার কেইস ডকেট প্রেরণ করা হচ্ছে না। রাষ্ট্রপক্ষের কৌশুলীদের নিকট মামলার কেইস ডকেট না থাকায় তারা সঠিকভাবে দায়িত্ব পালন করতে পারছেনা। ফলে, বিচারিক আদালত কর্তৃক মামলায় সাক্ষ্যগ্রহণ ও বিচারিক কার্যক্রমে নানাবিধ বিঘ্নতার সৃষ্টিসহ মামলাসমূহ নিষ্পত্তিতে বিলম্ব ঘটছে। মাননীয় দায়রা আদালত কর্তৃক বিচারের নিমিত্ত প্রেরিত মামলায় রেকর্ডের সাথে কেইস ডকেট প্রেরণের বিষয়ে Criminal Rules & Orders (Practice & Procedure of Subordinate Court) 2009 এর Rule-৯২ এ এতদ্সংক্রান্ত বিধি-বিধান উল্লেখ থাকলেও ম্যাজিস্ট্রেট আদালত কর্তৃক বিচার্য্য মামলার রেকর্ডের সাথে কেইস ডকেট কোথায় প্রেরণ করা হবে এ সংক্রান্তে উক্ত বিধিতে সুনির্দিষ্টভাবে কিছু উল্লেখ না থাকায় কেইস ডকেট প্রেরণ সংক্রান্ত নিম্নলিখিত নির্দেশনা জারী করা হলো ঃ

১) ফৌজদারী কার্যবিধি ১৮৯৮, সিডিউল-২ এর ৮ নং দফা অনুযায়ী ম্যাজিস্ট্রেট আদালত কর্তৃক বিচার্য্য মামলার বিচারিক নথি (Judicial Record) বিচারিক আদালতে প্রেরণ করার নিমিত্ত নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করতে হবে। তবে, ম্যাজিস্ট্রেট আদালত কর্তৃক বিচার্য্য মামলার কেইস ডকেট বিচারিক নথির (Judicial Record) সাথে অত্র দপ্তরে প্রেরণ না করে উক্ত কেইস ডকেট মাস-ওয়ারী ক্রমানুসারে পাবলিক প্রসিকিউটরের কার্যালয়ে প্রেরণ করতে হবে।

২) মাননীয় দায়রা আদালত কর্তৃক বিচার্য্য মামলার বিচারিক নথি (Judicial Record) ও কেইস ডকেট দায়রা আদালতে প্রেরণের বিষয়ে Criminal Rules & Orders (Practice & Procedure of Subordinate Court) 2009, Chapter iv এর Rule 92(1)-92(4) তে বর্ণিত বিধি বিধান অনুসরণ করতে হবে।

জনস্বার্থে অত্র নির্দেশনা জারী করা হলো। সংশ্লিষ্ট সকলকে অবগত করা হোক।

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন)
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
টাঙ্গাইল।

স্মারক নং-১০.০০.৯৩০০.০০১.১৮.০৩৯.১৯/ ২০২৩(১৫) -

তারিখ ঃ ২৭ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ / ১২ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ ।

**অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলোঃ**
১। মাননীয় সিনিয়র জেলা ও দায়রা জজ, টাঙ্গাইল।
**অনুলিপি প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ**
১। বিজ্ঞ অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল।
২। বিজ্ঞ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ১ম/২য়/৩য়/৪র্থ আদালত, টাঙ্গাইল।
৩। জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ১ম/২য়/৩য়/৪র্থ/৫ম আদালত, টাঙ্গাইল।
৪। বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর, টাঙ্গাইল।
৫। কোর্ট পুলিশ পরিদর্শক, সদর কোর্ট, টাঙ্গাইল (সকল জি.আর.ও দের অবগতকরণ এবং উক্ত বিষয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণের নির্দেশনাসহ)।
৫। কম্পিউটার অপারেটর, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, টাঙ্গাইল (ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ)।
৬। পি/এ টু সি.জে.এম, টাঙ্গাইল।
৭। অফিস কপি।

১২/১১/২০১৯
(মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন)
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
টাঙ্গাইল।